

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.০৪.০৩৮.২০২০-৯০৮

তারিখ: ২৮/০৭/২০২২ খ্রি.

বিষয়: সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা এর জমির সীমানা নির্ধারণ সংক্রান্ত মামলা পরিচালনার অনুমতি।

সূত্র: কলেজ স্মারক নং-৪২৪, তারিখ: ০৯/০৬/২০২২খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা এর জমির সীমানা নির্ধারণ সংক্রান্ত মামলা পরিচালনার অনুমতি প্রদান বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মতামত নিম্নরূপ:

কলেজের সীমানা নির্ধারণের জন্য সরকারি সার্ভেয়ার প্রয়োজন। এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ সরকারি সার্ভেয়ারের মাধ্যমে জমির সঠিকতা নিরূপন করে সীমানা নির্ধারণ সম্পর্কিত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবেন। যেহেতু সরকারি স্থাবর সম্পত্তি বিষয়ে বিবাদ চলমান থাকায় সরকারি স্থাবর সম্পত্তি রক্ষার্থে মামলা মোকদ্দমা পরিচালনা, প্রয়োজনে আপিল/রিভিউ দায়ের, দেশের সর্বোচ্চ আদালত তথা আইনের সর্বশেষ ধাপ পর্যন্ত যাওয়া, সংশ্লিষ্ট আদালতের সরকারি কৌশলীর সাথে যোগাযোগ, সংশ্লিষ্ট ভূমি অফিস ও স্থানীয়/জেলা প্রশাসনসহ মাননীয় এটর্নী জেনারেলের সহিত যোগাযোগ করতে হবে। এক্ষেত্রে মামলা পরিচালনার লক্ষ্যে একজন বেসরকারি সিভিল আইনজীবী নিয়োগ দেয়া এবং মামলাসমূহ পরিচালনা ও আইনজীবীর সন্মানী ভাতা বাবদ ব্যয় কলেজের বেসরকারি তহবিল হতে নির্বাহ করা যাবে। জবাবদিহিতা নিশ্চিতসহ বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে মামলা মোকদ্দমার হালনাগাদ তথ্য অধিদপ্তরকে অবহিত করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


28.7.22

(লোকমান হোসেন-১৭৩৯৪)
সহকারী পরিচালক (কলেজ-১)
ফোন: ৪১০৫০১১৭

অধ্যক্ষ
সরকারি বাঙলা কলেজ
মিরপুর, ঢাকা

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৩। উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৪। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৫। সংরক্ষণ নথি।